শেখ হাসিনার উদ্যোগ

মুজিব শতবর্ষ

# খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি

ঠিকরাবন্দ, খুলনা


দুরালাপনী

অফিস : ০১৭৬৯-৪০০০৫০

হটলাইন : ০১৭৬৯-৪০৪০৬৯

অভিযোগ কেন্দ্র : ০১৭৬৯-৪০১৩২৩

ই-মেইল : khulnapbs@yahoo.com

ওয়েবসাইট : www.pbs.khulna.gov.bd


স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৬৭.০২.০০৮.২৩. ২৭২১

তারিখঃ- ১৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## বিষয়:-আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতিতে বিলিং সুপারভাইজার এর শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃনং | পদের নাম | পদের সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | **বিলিং সুপারভাইজার** | ০১ টি | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ ও সর্বশেষ সার্কুলার অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ক) প্রার্থীর ন্যূনতম ০৭ (সাত) বছর বিলিং সহকারী (নিয়মিত) হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) সর্বশেষ ০৩ (তিন) বছরভিত্তিক বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>গ) প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ ও ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>ঘ) বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য দাপ্তরিক যন্ত্রপাতি চালনা ও রক্ষণাবেক্ষণে সক্ষম হতে হবে।<br>ঙ) পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে।<br>চ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণের উত্তীর্ণ হতে হবে। |

**আবেদন করার পদ্ধতিঃ-**

উল্লেখিত পদে পদোন্নতির যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় ক) নিজের নাম খ) পিতার নাম গ) মাতার নাম ঘ) স্থায়ী ও বর্তমান ঠিকানা ঙ) জন্ম তারিখ চ) বয়স ছ) জাতীয়তা জ) শিক্ষাগত যোগ্যতা ঝ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ঞ) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ উল্লেখপূর্বক আবেদন করতে হবে। সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার তথ্যাদি সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক কোন বিভাগীয় তদন্ত প্রক্রিয়াধীন নাই ও দপ্তর কর্তৃক দায়েরকৃত কোন ফৌজদারী মামলা চলমান নাই এবং বিলিং সুপারভাইজার পদে পদোন্নতিপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট পবিসের আপত্তি নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশসহ প্রত্যয়নপত্র এবং নিম্নোক্ত দলিলাদি এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়নপূর্বক আবেদনের সাথে সংযুক্ত করতে হবেঃ

০১। সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি;

০২। সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের ফটোকপি;

০৩। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণ কোর্সের ফলাফলের ফটোকপি;

০৪। সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি;

০৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

০৬। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;

০৭। বিলিং সহকারী পদে ০৭ (সাত) বছর অভিজ্ঞতার প্রমাণক হিসেবে যোগদান ও নিয়মিতকরণের ফটোকপি;

আগ্রহী প্রার্থীদের মৌখিক পরীক্ষায়/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য বর্ণিত দলিলাদিসহ **আগামী ২০/০১/২০২৪খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকার মধ্যে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি-এর সদর দপ্তর, ঠিকরাবন্দ, খুলনায় সশরীরে উপস্থিত হতে হবে।**

শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ



**শর্তাবলীঃ-**

১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই ।

০২। সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোন গুরুদন্ড, (খ) সর্বশেষ ০১ (এক) বছর কোন লঘুদন্ড, (গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একাধিক বার গুরুদন্ড, (ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর ০১ বার গুরুদন্ড এবং ০১ বার লঘুদন্ড, (ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ডপ্রাপ্ত হলে, (চ)বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়ে অথবা দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তৎসময়কালে, (ছ) বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনে পদোন্নতির জন্য প্রয়োজনীয় রেটিং বা সুপারিশ না থাকলে এবং (জ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত হয়ে থাকলে পদোন্নতির জন্য মৌখিক পরীক্ষার সুযোগ দেয়া হবে না।

০৩। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে '' **পবিস চাকুরি বিধি (সংশোধিত-২০১২)**'' এর ধারা ০৭, ১৪ ও ১৬ এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৪। খুলনা পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী/বোর্ড পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই।

০৫। বিলিং সুপারভাইজার পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য '' চলতি দায়িত্ব'' হিসেবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরৎ যেতে হবে।

০৬। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগপ্রাপ্ত হন তবে তাকে তদন্ত ছাড়াই চাকুরীচ্যুত করা হবে।

০৭। নির্বাচনী সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৯। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ জিল্লুর রহমান)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ**- (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

০১॥ নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা ।
০২॥ পরিচালক, পবিস মানব সম্পদ /পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ), পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩॥ সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ) ।
০৪॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, খুলনা।
০৫॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...................................পবিস-১/২/৩/৪।
০৬॥ একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা ।
০৭॥ ডিজিএম- সেনেরবাজার/ডুমুরিয়া/পাইকগাছা/কয়রা জোনাল অফিস/কারিগরি, খুলনা পবিস ।
০৮॥ এজিএম (ওএন্ডএম), দাকোপ/তেরখাদা/শাহপুর সাব-জোনাল অফিস, খুলনা পবিস ।
০৯॥ এজিএম (অর্থ/প্রশাসন/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি/), খুলনা পবিস ।
১০॥ এজিএম (আইটি), খুলনা পবিস (সমিতির ফেজবুক পেজ ও ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১১॥ নোটিশ বোর্ড, খুলনা পবিস ।
১২॥ অফিস/মাস্টার কপি ।

জেনারেল ম্যানেজার
খুলনা পবিস।